



নর্থসাইডে ইউনিভার্সিটিতে বুধবার
বক্তৃতা করছেন উপাচার্য অধ্যাপক
আবদুল হান্নান চৌধুরী যুগান্তর

নর্থসাইডে আলোচনা সভা জুলাই আন্দোলনের ভাষা দিয়েছেন কাজী নজরুল ইসলাম

যুগান্তর প্রতিবেদন

যুগান্তর সম্পাদক দেশবরেণ্য কবি
আবদুল হাই শিকদার বলেছেন,
নজরুল না থাকলে জুলাই
আন্দোলনের ভাষা আমরা পেতাম না।
তার কবিতা ও গান আমাদের
সংগ্রামের ভাষা দিয়েছে। স্লোগানে
স্লোগানে মিছিলে মিছিলে সেগুলো
উচ্চারিত হয়েছে তরুণদের কণ্ঠে।
তিনি যেন আবু সায়ীদদের মতোই
ভাষার মাধ্যমে এ আন্দোলনে বুক
পেতে দিয়েছিলেন।

অধ্যাপক সলিমুল্লাহ খান বলেন,
নজরুলের লেখা শত বছর আগে
হলেও আজও সমান প্রাসঙ্গিক। মাত্র
দুই যুগের কম সময়ে তিনি যে সাহিত্য
ভান্ডার রেখে গেছেন, তা বিস্ময়কর।
নজরুলকে তিনটি শব্দে বর্ণনা করতে
হলে বলব মানবতা, স্বাধীনতা ও
সম্মান। জাতীয় কবি কাজী নজরুল

■ পৃষ্ঠা ৬ : কলাম ৬

(৩য় পৃষ্ঠার পর)

ইসলামের সাহিত্যকীর্তি ও জুলাই অভ্যুত্থানে তার বিদ্রোহী চেতনার
প্রভাব নিয়ে বুধবার নর্থসাইডে ইউনিভার্সিটিতে (এনএসইউ) আলোচনা
সভায় তারা একথা বলেন। 'জুলাই অভ্যুত্থান : কাজী নজরুলের
উত্তরাধিকার' শীর্ষক আলোচনায় শিক্ষক, শিক্ষার্থী ও বুদ্ধিজীবীদের
অংশগ্রহণে এ অনুষ্ঠানে নজরুলের জীবন, দর্শন ও সাহিত্য নিয়ে
আলোচনা হয়।

কবি আবদুল হাই শিকদার তার বক্তব্যের শুরুতেই জুলাই অভ্যুত্থানের
শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। তিনি বলেন, বার্নার্ড শ, রবার্ট ফ্রস্ট বা
ভার্জিনিয়া উলফের মতো সমসাময়িকদের মাঝে নজরুল একাধিক
ক্ষেত্রে দক্ষতার স্বাক্ষর রেখেছেন। তার রচনায় ভাবনা ও আবেগ,
বিজ্ঞান ও বিশ্বাস, আধুনিকতা ও ঐতিহ্য সবকিছু মিলেমিশে এক
অনন্য সুর সৃষ্টি হয়েছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল
হান্নান চৌধুরী। আলোচনায় অংশ নেন এনএসইউর ইতিহাস ও দর্শন

বিভাগের অধ্যাপক, লেখক ও চিত্রক সলিমুল্লাহ খান, যুগান্তর সম্পাদক
কবি আবদুল হাই শিকদার, এনএসইউর ইতিহাস ও দর্শন বিভাগের
অধ্যাপক মাহবুবুর রহমান। অনুষ্ঠানে জাতীয় কবির বিদ্রোহী কবিতা
আবৃত্তি করেন নজরুল ইনস্টিটিউটের জাতীয় পুরস্কারপ্রাপ্ত আবৃত্তিশিল্পী
নাসিম আহমেদ।

অধ্যাপক মাহবুবুর রহমান বলেন, কাজী নজরুল ইসলাম ছিলেন এক
বিদ্রোহী কণ্ঠস্বর, যিনি গৌড়ামির বিরুদ্ধে প্রতিবাদ করেছেন। একাধারে
ধর্মীয় সম্প্রীতি, ন্যায় ও শান্তির পক্ষে কথা বলেছেন। তিনি এক অদম্য
মানবিক চেতনার প্রতীক।

এনএসইউ উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী বলেন, জুলাই
বিপ্লবে প্রাণ হারানো সব শহীদদের গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি।
কাজী নজরুল ইসলামের সাহিত্য আমাদের তরুণদের অনুপ্রাণিত
করেছে, জাতিকে ঐক্যবদ্ধ করেছে।

অনুষ্ঠানের শেষ অংশে শিক্ষক ও শিক্ষার্থীরা নজরুল সংগীত পরিবেশন
করেন।